

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা

বিষয়ঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	মোঃ মাকসুদুল হাসান খান, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
তারিখ ও সময়	:	২৯ জানুয়ারি ২০১৮ ও বিকাল ০৪.০০ ঘটিকা
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা	:	পরিশিষ্ট-‘ক’ তে সংযুক্ত আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের গুরুত্ব সম্পর্কে সভায় আলোকপাত করেন এবং বলেন এসব প্রতিশ্রুতির সাথে অনেক ক্ষেত্রে নির্বাচনী ইশতেহারেরও সম্পর্ক রয়েছে বিধায় এগুলি বাস্তবায়নে দ্রুততম সময়ে কার্যক্রম সম্পাদন করা বাঞ্ছনীয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের বিষয়ে একমত পোষণ করে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন মর্মে জানান।

২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব মোঃ শফিকুল ইসলাম প্রথমে বিগত ২৬ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় অগ্রগতির বিবরণ অন্তর্ভুক্তির সংশোধনীসহ কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

৩। সভায় কর্মকর্তাগণ নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে অগ্রগতি অবহিত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র.নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত/ মন্তব্য	বাস্তবায়নে
১	সিরাজগঞ্জে সরকারি ভেটেরিনারি কলেজ স্থাপন করা।	মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর সভায় অবহিত করেন যে, ক) জানুয়ারী/২০১৩ হতে জুন/২০১৮ ইং পর্যন্ত (২য় সংশোধিত) মেয়াদী সিরাজগঞ্জ ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্পের আওতায় ডিসেম্বর/২০১৭ পর্যন্ত নিম্নোক্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে।  ৬ তলা একাডেমিক ভবন, ভেটেরিনারি হাসপাতাল ও ডায়াগনস্টিক ল্যাবরেটরি, ছাত্র হোস্টেল, মসজিদ, ছাত্র হোস্টেলের জিমনেসিয়াম, শিক্ষকদের বাসভবন, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বাসভবন, ফার্ম বিল্ডিং/এ্যানিমেল সেড, অডিটোরিয়াম, মেডিকেল সেন্টার, ডিপ টিউবওয়েল স্থাপন, অভ্যন্তরীণ রাস্তা, বৈদ্যুতিক ব্যবস্থা, সীমানা প্রাচীর, ভূমি উন্নয়ন, প্রকল্প পরিচালকের অফিস সংস্কার, ঘাটসহ পুকুর খনন, বায়োগ্যাস প্ল্যান্ট, গার্লস হোস্টেলের বাউন্ডারী ওয়াল ও গেট।  ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ডরমেটরী কাম গ্যারেজ, ৪ তলা ক্যাফেটেরিয়া, শিক্ষক ডরমেটরী ও গেট হাউজ, ছাত্রী হোস্টেল, ছাত্রী হোস্টেলের জিমনেসিয়াম, গেট ও সাইনবোর্ডের নিমার্ণ কাজ চলমান।  নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত হবে।  খ) সিরাজগঞ্জ ভেটেরিনারি কলেজের জনবল দ্রুত মঞ্জুরির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে যোগাযোগ অব্যাহত আছে। আগামী ৪ মার্চ/২০১৮ খ্রিঃ জনবল মঞ্জুরির জন্য সভার তারিখ নির্ধারিত হয়েছে।	(ক) নির্ধারিত সময়ের মধ্যে গুনগতমান নিশ্চিত করে প্রকল্প কাজ সমাপ্ত করতে হবে। (খ) জনবল দ্রুত মঞ্জুরির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্মসচিব (প্রাস-২), যুগ্মপ্রধান, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
২	মৎস্য চাষে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে সিরাজগঞ্জে মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপন।	মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর সভায় অবহিত করেন যে, (ক) মৎস্যখাতে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে মৎস্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত “গোপালগঞ্জ, কিশোরগঞ্জ ও সিরাজগঞ্জ জেলায় মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপন” প্রকল্প এর মাধ্যমে বেলকুচি, সিরাজগঞ্জে পাঠ্যবই মুদ্রণ, ল্যাবরেটরির যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সরবরাহকরণ এবং জেনারেটর সরবরাহসহ প্রকল্পের সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে।  (খ) ০৩টি ডিপ্লোমা ইনস্টিটিউটের ৩৫টি পদে আউট সোসিং এর মাধ্যমে	(ক) নির্ধারিত সময়ের মধ্যে গুনগতমান নিশ্চিত করে প্রকল্প কাজ সমাপ্ত করতে হবে। (খ) ০৩টি ডিপ্লোমা ইনস্টিটিউটের	অতিঃ সচিব (মৎস্য), যুগ্মপ্রধান, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর

